11/7/82

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়,
ঢাকা ইঞ্জিনীয়ারিং কলেজ,
তেজগাঁও, ঢাকা-৮।
(অস্থায়ী ক্যাম্পাস).

# ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা ইঞ্জিনীয়ারিং কলেজে বিএসসি ইঞ্জিনীয়ারিং কোর্সে ১৯৮১-৮২ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ছাত্র/ছাত্রী বাছাই করা হইবে। এই নিমিত্ত উপযুক্ত প্রার্থীর নিকট হইতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে। আবেদন ফরম, ভর্তি পরীক্ষার সিলেবাসসহ, নগদ ১৫/- (পনের) টাকা মূল্যে আগামী ২-৮-৮২ ইং তারিখ হইতে দরখাস্ত গ্রহণের শেষ দিন পর্যন্ত অফিস চলাকালীন দিনগুলিতে প্রতিদিন সকাল ৯-০০টা হইতে দুপুর ১২-৩০টা পর্যন্ত, অধ্যক্ষের দফতর হইতে সংগ্রহ করা যাইবে। ডাকযোগে এই ফরম পাইতে হইলে, সভাপতি, ভর্তি কমিটি, ঢাকা ইঞ্জিনীয়ারিং কলেজের সপক্ষে ২০/- (বিশ) টাকার ব্যাংক ড্রাফটসহ সোনালী ব্যাংক, তেজগাঁও শিল্প এলাকা শাখার উপরে প্রার্থীর ঠিকানাযুক্ত বড় খাম (১০"×৪") পাঠাতে হইবে। এই ধরনের অনুরোধপত্রের উপর 'ভর্তির আবেদনপত্র' লিখিয়া দিতে হইবে।

১। **প্রার্থীর সাধারণ যোগ্যতা :**

ক) বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

খ) প্রার্থীকে বাংলাদেশের কোন মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড হইতে এসএসসি অথবা সমমানের পরীক্ষায় পাস হইতে হইবে।

গ) বাংলাদেশের কোন পলিটেকনিক ইনস্টিটিউট হইতে 'ঘ'-তে উল্লিখিত বিষয়ে ও শর্তে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনীয়ারিং-এ পাস হইতে হইবে।

ঘ) প্রার্থীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ইঞ্জিনীয়ারিং ডিপ্লোমা বোর্ড ফাইনাল পার্ট-১ এবং পার্ট-২ পরীক্ষার তাত্ত্বিক বিষয়ে সাম্মিলিতভাবে গড়ে ৫০% নম্বর পাইয়া সিভিল, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিকস, মেকানিক্যাল বা পাওয়ার বিভাগে পাস হইতে হইবে।

২। **দরখাস্ত জমা দেয়ার পদ্ধতি :**

ভর্তির ফরম যথানিয়মে পূরণ করিয়া তাহার সঙ্গে নিম্নলিখিত দলিলপত্রাদিসহ দরখাস্ত ১৮-৯-৮২ ইং তারিখ পর্যন্ত অধ্যক্ষ, ঢাকা ইঞ্জিনীয়ারিং কলেজের দফতরে গৃহীত হইবে।

৩। **দরখাস্তের সঙ্গে দেয় দলিলপত্রাদি :**

ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষার সত্যায়িত সনদপত্র।

খ) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনীয়ারিং পার্ট-১ এবং পার্ট-২ পরীক্ষার সত্যায়িত মার্কসীট।

গ) প্রার্থী সর্বশেষ যে শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়ন করিয়াছে সেই শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে সংগৃহীত শিক্ষাগত যোগ্যতা ও চারিত্রগত প্রশংসাপত্র।

ঘ- দুইখানা সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ফটো।

ঙ) সভাপতি, ভর্তি কমিটি, ঢাকা ইঞ্জিনীয়ারিং কলেজের নামে অফেরতযোগ্য ৪০/- (চল্লিশ) টাকার ব্যাংক ড্রাফট সোনালী ব্যাংক, তেজগাঁও শিল্প এলাকা-শাখার উপরে।

চ) অধ্যয়ন বিরতি থাকিলে যে কোন প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার প্রদত্ত অধ্যয়ন বিরতিকালীন কার্যকলাপের প্রত্যয়নপত্র।

উল্লেখ্য, অত্র কলেজে সিভিল, ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং কোর্সে ছাত্র ভর্তি করা হইবে এবং সিভিল ইঞ্জিনীয়ারিং-এ, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইঞ্জিনীয়ারিং-এ এবং মেকানিক্যাল ও পাওয়ার ইঞ্জিনীয়ারিং-এ শুধুমাত্র ডিপ্লোমাপ্রাপ্ত প্রার্থীরাই যথাক্রমে অত্র কলেজে সিভিল ইঞ্জিনীয়ারিং-এ, ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং-এ এবং মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং-এ ভর্তির জন্য দরখাস্ত করিতে পারিবে।

উপরোক্ত সত্যায়িত দলিলপত্রাদি অবশ্যই গেজেটেড অফিসার কিংবা যে শিক্ষপ্রতিষ্ঠানে সর্বশেষে অধ্যয়ন করিয়াছে তাহার প্রধান কর্তৃক সত্যায়িত হইতে হইবে। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র নাকচ করা হইবে। ভুল এবং মিথ্যা তথ্যাবলী সংবলিত আবেদনপত্র প্রার্থীকে সম্পূর্ণ অযোগ্য করিবে। এই ধরনের প্রার্থী ভুল বশতঃ ভর্তি হইলেও ভবিষ্যতে তাহা প্রকাশ পাইলে, তাহার ভর্তি নাকচ হইয়া যাইবে এবং তাহার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৩। **ভর্তি পরীক্ষা :**

সিভিল, ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল বিভাগের কোনটিতে ভর্তি-ইচ্ছুক যোগ্য প্রার্থীদের সংখ্যা ২০০ (দুই শত) জনের বেশি হইলে আবেদনকারীদের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনীয়ারিং পার্ট-১ ও পার্ট-২ পরীক্ষার তাত্ত্বিক বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের মেধাক্রম অনুসারে ঊর্ধ্বপক্ষে প্রথম ২০০ (দুই শত) জন করিয়া ৩ (তিন)টি বিভাগের জন্য সর্বমোট ঊর্ধ্বপক্ষে ৬০০ (ছয় শত) জন প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের তালিকা ১১-১০-৮২ ইং তারিখে দরখাস্তের ফরমের ক্রমিক নম্বর অনুযায়ী কলেজের নোটিশ বোর্ডে দেওয়া হইবে। এই সকল প্রার্থীগণের প্রবেশপত্র সংগ্রহের সময় ও তারিখ যোগ্য প্রার্থীদের তালিকার বিজ্ঞপ্তিতেই দেখা যাইবে।

ভর্তি পরীক্ষা নিম্নলিখিত বিষয়, নম্বর ও সময়ের ভিত্তিতে অনুষ্ঠিত হইবে :

| পত্র | বিষয় | মোট নম্বর | পরীক্ষার সময়কাল |
|---|---|---|---|
| ১ম পত্র | অংক, পদার্থ, রসায়ন | ৩×১০০=৩০০ | ৩ ঘন্টা। |
| ২য় পত্র | কারিগরি বিষয় | ২০০ | ৩ ঘন্টা। |

পরীক্ষার সময় ও তারিখ কলেজের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি মারফত যথাসময়ে জানানো হইবে এবং ইহা সংবাদপত্র মারফতও প্রচারিত হইবে। উপরে লিখিত পরীক্ষাসমূহ আবেদনপত্রের সঙ্গে দেয় ভর্তি পরীক্ষার সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হইবে।

৪। **প্রার্থী মনোনয়নের নিয়ম :**

ভর্তি পরীক্ষার ১ম পত্র ও ২য় পত্রের জন্য পাস নম্বর আলাদাভাবে ৩০%। প্রাপ্ত মোট নম্বরের মেধাক্রম অনুসারে প্রতি বিভাগে ৪০ (চল্লিশ)টি নির্ধারিত আসনে ভর্তির জন্য প্রার্থী মনোনয়ন করা হইবে।

৫। **ভর্তি হইবার নিয়ম :**

ক) ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের সংশ্লিষ্ট বোর্ডের মূল মার্কসিট ও অন্যান্য মূল সনদপত্র সত্যায়ন বাছাইয়ের জন্য অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত তারিখে তাঁহার দফতরে ঐগুলি জমা দিতে হইবে।

খ) দলিলপত্রের সত্যতা বাছাইয়ের পর প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষা করা হইবে।

গ) স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হইলে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফি জমা দিলে ভর্তি কমিটির অনুমোদন সাপেক্ষে ভর্তি হওয়া যাইবে।

ঘ) ভর্তি কমিটি যে কোন প্রার্থীর নির্বাচন, তাহাদের বিচারের, সংগত কারণের পরিপ্রেক্ষিতে নাকচ করিতে পারিবেন।

৬। **ভর্তি কমিটি :**

এই কমিটি প্রার্থীদের দরখাস্ত গ্রহণ করা, ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা, মনোনীত প্রার্থীদের ভর্তি হওয়ার ও প্রয়োজনে মনোনয়ন নাকচ করা ইত্যাদি বিষয়ক সকল কার্যক্রম নিয়ন্ত্রণ করিবে এবং এই কাজে যদি এমন কোন সমস্যার উদ্ভব হয় যাহা উপরে উল্লিখিত নিয়ম কানুনের মধ্যে না পড়ে, সেক্ষেত্রে ভর্তির কমিটির রায় চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। **ছাত্র ভর্তি ও ক্লাস আরম্ভ :**

বাছাই সমাপ্তির পর বাছাইকৃত প্রার্থীদিগকে সুবিধামত সময়ে কলেজে ভর্তি করা হইবে। ভর্তিকৃত ছাত্রদের বিশেষ কোর্সের ক্লাস/বর্তমানে নির্মাণাধীন জয়দেবপুর কলেজ ক্যাম্পাসে শুরু হইবে। ক্লাস আরম্ভ হওয়ার তারিখ যথা সময়ে জানানো হইবে। উল্লেখ্য, এই সমস্ত ছাত্রদিগকে ১৪ (চৌদ্দ) সপ্তাহের বিশেষ কোর্সে কোয়ালিফাই করিলেই বিএসসি ইঞ্জিনীয়ারিং ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তি করা হইবে।

(আবুল কালাম আজাদ)
সভাপতি,
ভর্তি কমিটি ও
অধ্যক্ষ,
ঢাকা ইঞ্জিনীয়ারিং কলেজ.
তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা-৮।
(অস্থায়ী ক্যাম্পাস)

তথম—৪৫৮৫(৮—৭)
জি—১৮২৯